

২০২১

বাংলা

(অনাস)

ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকটিভ (DSE)
(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্যক্রম)

ষষ্ঠ সেমেষ্টার

কোর্স কোড : BENG-H-DSE-T-4

(বাংলা ও প্রাদেশিক সাহিত্য)

পূর্ণমান : ৬০

সময় : ২:৩০ ঘন্টা

দক্ষিণ-প্রাত্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসন্তুর নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

বিঃ দ্রঃ- A4 সাইজ কাগজের ১০ থেকে ১২ পৃষ্ঠার মধ্যে উত্তর লেখা
বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$

- ক) ‘সব কিছু আমার চার আঙুল দিয়ে সারতে হচ্ছিল।’
— উক্তিটি কার? কাকে উদ্দেশ্য করে বলা হয়েছে? কেন
তাকে সবকিছু চার আঙুল দিয়ে করতে হচ্ছিল?
- খ) ‘ওনার উপন্যাস কী রোমাঞ্চকর!’
— বক্তা কে? কার উপন্যাসের কথা বলা হয়েছে?
উপন্যাসিকের কততম উপন্যাসের প্রসঙ্গ এখানে উল্লেখ
করা হয়েছে?

(পরের পাতায়)

- গ) আদালতে কাকে আসামী সাজানো হয়? কোন্ অভিযোগে
কত নম্বর ধারায় তাকে অভিযুক্ত করা হয়?
- ঘ) কোন গণ-আন্দোলনের প্রসঙ্গ সূত্রে এবং কোন্ অঞ্চলকে
পটভূমি করে ‘ময়লা আঁচল’ উপন্যাসটি রচিত?
- ঙ) ‘কিছু কিছু গুজবও তো গ্রামে রাটে।’—
‘ময়লা আঁচল’ উপন্যাসে ‘কিছু কিছু গুজব’ বলতে কী
বোঝানো হয়েছে? সংক্ষেপে জানাও।
- চ) বিশ্বাস প্রসাদ কোথাকার তহশীলদার ছিলেন?
বিরিধিকে তিনি কী নির্দেশ দেন?
- ছ) ‘নবাবী তড়বন্না’ কী? গাঁয়ের রাখালেরা সেখানে কীভাবে
নবাবী করে?
- জ) ‘আমি মরার দিন অব্দি তোমার নাম করব।’
— মরার দিন পর্যন্ত কে কেন কার নাম করবে?
- ঝ) ‘এ হলো ভগবানের সাজা। হুঁ হুঁ দেমাকে মাটিতে পা
পড়তোনা একেবারে। এখন? হ’লতো?’
— ‘ভগবানের সাজা’ কী? কার দেমাকে মাটিতে পা
পড়তো না?
- ঝঃ) ‘শের কে বাচ্চে’র আসল নাম কী? সে কার সঙ্গে কোথা
থেকে শ্যামনগর মেলায় আসে?
- ঝঃ) ‘দোহাই মহারাজ, পাথরে মাথা খুঁড়ে মরে যাব... হ্রকুম
দিন।’
— উক্তিটি কার? মহারাজের নাম কী? তাঁর কাছে কী
‘হ্রকুম’ প্রার্থনা করছে?

- ঠ) ‘লোক হতবাক হয়ে রইল। অনেকেরই বুক কেঁপে উঠল।’
— লোকের ‘হতবাক’ হওয়া বা ‘বুককেঁপে’ ওঠার কারণ
সংক্ষেপে জানাও।
- ড) ‘ভয়ঙ্কর সেই দৃশ্য প্রত্যক্ষ করে চিত্কার করে কেঁদে উঠল
মেয়েটি।’
— মেয়েটি কে? ‘ভয়ঙ্কর দৃশ্যটি’ কী?
- ঢ) ‘গুণীশিঙ্গী’ কে? কি তার পেশা? কোন্ কোন্ ভাষা মিলিয়ে
সে কথা বলে?
- ণ) ‘সে সময় দুলারী ফার্মের মালিকের সঙ্গে দার্জিলিং চলে
গিয়েছিল।’
— দুলারী কে? কোন্ সময় সে দার্জিলিং চলে গিয়েছিল?
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 4 = 20$
- ক) ভাণ্ডারা কবে? ভাণ্ডারার নিয়ম কী? অনুষ্ঠিত ভাণ্ডারা’র
পরিবেশের সংক্ষিপ্ত বর্ণনা দাও।
- খ) ‘তাই আদালত এই রায় দিচ্ছে যে তুমি বেঁচে যাবে কিন্তু
তোমার গভর্স্ট স্টানকে মেরে ফেলা হবে।’
— বক্তা কে? তাঁর এই রায় দেওয়ার কারণ আলোচনা
করো।
- গ) ‘এই প্রথমবার আলাদা হওয়ার বিরুদ্ধে তার অন্তর
সঙ্কোভে ছি-ছি করে উঠল।’
— এখনে কার কথা বলা হয়েছে? কেন তার অন্তর
সঙ্কোভে ছি-ছি করে উঠল?

- ঘ) ‘জীবন নয়, মৃত্যুর মধ্যেই তাদের মিলনের সংঘটক
জয়মালা ধীর গতিতে বুকে হেঁটে তার গুহায় ফিরে গেল।’
— ‘জয়মালা’ গল্প অনুসরণে সংক্ষেপে বিষয়টি আলোচনা
করো।
- ঙ) “তারপর থেকে সে রাজদরবারে দর্শনীয় ‘জীব’ই হয়ে
রইল।”
— কে কিভাবে “দর্শনীয় জীব” হয়ে থাকল? এই সূত্রে
পূর্ব ঘটনার বিবরণ দাও।
- চ) ‘তার বিশ্বাস ছিল যে এই দুনিয়ায় মঙ্গল শেষ হয়ে যেতে
পারে, প্রেম শেষ হয়ে যেতে পারে, বন্ধুত্ব শেষ হয়ে যেতে
পারে, কিন্তু আবর্জনা কোনোদিন শেষ হয়ে যাবে না।’
— তার এই বিশ্বাসের ভিত্তিভূমি কী? কিভাবে সে এই
অভিজ্ঞতা লাভ করেছিল, তা সংক্ষেপে বিবৃত করো।
- ঢ। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 2 = 20$
- ক) ‘ময়লা আঁচল’ উপন্যাসে মেরিগঞ্জের ভৌগোলিক-
প্রাকৃতিক বিশেষত্বে মানুষের দুঃখ দরিদ্র, রোগবন্ধনা,
শোষণ-অজ্ঞানতা এবং দুর্যোগ ও দুর্বিপাক কেমনভাবে
কাহিনির আধারে উপন্যাসিক ফুটিয়ে তুললেন —
আলোচনা করো।
- খ) ‘চু-উ-প আদালত চলছে’
নাটকে কেন্দ্রীয় চরিত্র লীলা বেনারের ব্যক্তিসম্মত
স্বাতন্ত্র্যবোধ নিষ্পেষিত হওয়ার মধ্যে দিয়ে নাট্যকার
ভারতবর্ষের সমাজ কাঠামোয় নারীর অসহায় অবস্থার
যে ছবি তুলে ধরেছেন তা আলোচনা করো।

গ) ‘দু-দুটো পালোয়ান বেটা মরে গেল, তবু পালোয়ানের কী
হিম্মৎ দেখো! কলজেখানা দেড়হাত।’

—‘পালোয়ানের ঢেলক’ গল্পে লুট্টন সিং’এর হিম্মৎ’
এর যে পরিচয় পাওয়া গেছে, তা নিজের ভাষায় ব্যক্ত
করো।

ঘ) ‘গত দশ বছর ধরে ও যা হারিয়ে ফেলেছিল, সে সবই
যেন আজ এই মুহূর্তে সুদে-আসলে ফিরে এল ওর কাছে।’

— মুলিয়া’র জীবনে সব কিছু হারিয়েও ফিরে পাওয়ার
যে কাহিনি, তা সংক্ষেপে বিবৃত করো।
